এসএস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন **বিষয় কোড :** ১ ০ ২

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো: ১০

(ক) ডিজিটাল বাংলাদেশ

(খ) শীতের সকাল

২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখো: ১০

(ক) মনে করো, তোমার নাম পারুল/ পাভেল। গ্রামকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার ক্ষেত্রে নিজের ভূমিকার বর্ণনা দিয়ে বন্ধুর কাছে পত্র লেখো।

অথবা, (খ) আর্সেনিক দূষণ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথার্থ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখো।

৩. সারাংশ লেখো: ১০

(ক) মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ প্রাণী। জগতের অন্যান্য প্রাণীর সহিত মানুষের পার্থক্যের কারণ মানুষ বিবেক ও বুদ্ধির অধিকারী। এই বিবেক, বুদ্ধি ও জ্ঞান নাই বলিয়া আর সকল প্রাণী মানুষ অপেক্ষা নিকৃষ্ট। জ্ঞান ও মনুষ্যত্বের উৎকর্ষ সাধন করিয়া মানুষ জগতের বুকে অক্ষয় কীর্তি স্থাপন করিয়াছে; জগতের কল্যাণ সাধন করিতেছে। পশুবল ও অর্থবল মানুষকে বড় বা মহৎ করিতে পারে না। মানুষ বড় হয় জ্ঞান ও মনুষ্যত্বের বিকাশে। জ্ঞান ও মনুষ্যত্বের প্রকৃত বিকাশে জাতির জীবন উন্নত হয়।

Teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও,
তার মতো সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যাও।
পরের কারণে মরণেও সুখ,
'সুখ' 'সুখ' করি কেঁদ না আর,
যতই কাঁদিবে, যতই ভাবিবে
ততই বাড়িবে হৃদয় ভার—
আপনারে লয়ে বিব্রত রহিতে আসে নাই কেহ অবনী' পরে,
সকলের তরে সকলে আমরা প্রত্যেকে মোরা পরের তরে।

৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো: ১০

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নহে।

(খ) নানান দেশের নানা ভষা
বিনে স্বদেশী ভাষা মিটে কি আশা।

৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো: ১০

(ক) বর্তমানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি সম্পর্কে পত্রিকায় প্রকাশের নিমিত্তে প্রতিবেদন লেখো।

(খ) তোমার বিদ্যালয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে পালিত অনুষ্ঠানের উপর একিট প্রতিবেদন রচনা করো।

৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো: ২০

(ক) স্বদেশ প্রেম

(খ) অধ্যবসায়

(গ) মানবকল্যাণে বিজ্ঞান

Teachingbd24.com

বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ০ ২

সময় — ৩০ মিনিট

পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. প্রত্যেক ভাষার কয়টি মৌলিক অংশ থাকে?
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি

২. বচন ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক রূপতত্ত্ব খ ধ্বনিতত্ত্ব
গ পদক্রম ঘ বাক্যপ্রকরণ

৩. কোনগুলো আনুনাসিক বর্ণ?
ক ক, খ, চ, ছ খ গ, ঘ, জ, ঝ
গ ঙ, ঞ, ণ, ন ঘ ট, ঠ, থ, ফ

৪. ঋ, র, ষ এর পর মূর্ধন্য ণ হয়— এ নিয়মের উদাহরণ কোনটি?
ক উষ্ণ খ কৃপণ
গ হরিণ ঘ অর্পণ

৫. 'পরীক্ষা'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক পরি + ঈক্ষা খ পরী + ঈক্ষা
গ পরী + ইক্ষা ঘ পরি + ইক্ষা

৬. কোনগুলো 'পত্নী' অর্থে স্ত্রীবাচক শব্দ?
ক ছাত্রী-নদী খ চাচি-মামি
গ বোন-কন্যা ঘ যুবতী-নবীনা

৭. 'কলকলিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ'— এখানে ধ্বন্যাত্মক দ্বিরুক্তিটি কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?
ক বিশেষ্য খ বিশেষণ
গ ক্রিয়া ঘ ক্রিয়া বিশেষণ

৮. 'বচন' ব্যাকরণের কী জাতীয় শব্দ?
ক তৎসম খ পারিভাষিক
গ অর্ধ-তৎসম ঘ বিদেশি

৯. উপমান কর্মধারয় সমাস কোনটি?
ক মুখচন্দ্র খ ক্রোধানল
গ ঘনশ্যাম/তুষারশুভ্র
ঘ মনমাঝি

১০. 'লাপাত্তা' শব্দের 'লা' কোন শ্রেণির উপসর্গ?
ক ফারসি খ উর্দু
গ আরবি ঘ হিন্দি

১১. 'উক্তি'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক বচ্ + ক্ত খ বচ্ + উক্তি
গ বচ্ + ক্তি ঘ বচ্ + তি

১২. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?
ক প্রবীণ খ গায়ক
গ তৈল ঘ জলধি

১৩. সামীপ্যবাচক সর্বনাম কোনগুলো?
ক সব,সকল, তাবৎ
খ এরা, ইহারা, ইনি
গ নিজে, খোদ, আপনি
ঘ কোন, কেহ, কেউ

১৪. নিচের কোনটি বিদেশি অব্যয় শব্দ?
ক সহসা খ আর
গ দৈবাৎ ঘ খুব

১৫. ব্যক্তিবাচক কর্ম পদটিকে কোন কর্ম বলে?
ক মুখ্য কর্ম খ গৌণ কর্ম
গ সমধাতুজ কর্ম ঘ ধাত্বর্থক কর্ম

১৬. কীসের ভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না?
ক প্রয়োগভেদে খ অর্থভেদে
গ বচনভেদে ঘ বর্ণনাভেদে

Teachingbd24.com

১৭. কোনটি অসমাপিকা ক্রিয়া প্রকাশের বিভক্তি নয়?

ক ইয়া > এ খ ইলে > লে
গ ইতে > তে ঘ ইনে > নে

১৮. কোন গুচ্ছের সবগুলো ধাতু উলটা আদিগণের অন্তর্ভুক্ত?

ক কোচকা, কোঁকড়া
খ দুমড়া, মুচড়া
গ সমঝা, ধমকা
ঘ হিঁচড়া, ছিটকা

১৯. "খিলিপান দিয়ে ওষুধ খাবে।"— 'খিলিপান দিয়ে' কোন কারকে কোন বিভক্তি?

ক অধিকরণে তৃতীয়া
খ কর্তায় তৃতীয়া
গ কর্মে তৃতীয়া ঘ করণে তৃতীয়া

২০. 'সীমার মাঝে অসীম তুমি'— বাক্যে অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক ব্যাপ্তি অর্থে খ ঐকদেশিক অর্থে
গ মধ্যে অর্থে ঘ নিকট অর্থে

২১. সম্বন্ধ পদ বাক্যে কোথায় বসে?

ক বিশেষ্যের আগে
খ বিশেষ্যের পরে
গ বিশেষণের আগে
ঘ বিশেষণের পরে

২২. 'শবপোড়া' শব্দটির কী দোষ দেখা যায়?

ক গুরুচণ্ডালী
খ আকাঙ্ক্ষার ভুল প্রয়োগ
গ উপমার ভুল প্রয়োগ
ঘ দুর্বোধ্যতা

২৩. 'সকলের জন্য প্রযোজ্য'— এককথায় কী বলে?

ক সর্বজনিন খ সার্বজনিন
গ সার্বজনীন ঘ সর্বজনীন

২৪. 'দলপতি' অর্থে বাগ্‌ধারা কোনটি?

ক রুই কাতলা খ রাঘব বোয়াল
গ ভুষণ্ডির কাক ঘ পালের গোদা

২৫. যে সকল শব্দ তাদের আভিধানিক অর্থে ব্যবহৃত না হয়ে অন্য অর্থে ব্যবহৃত হয় তাদের কী বলে?

ক বাচ্যার্থ খ লক্ষ্যার্থ
গ মৌলিক অর্থ ঘ বাগধারা

২৬. কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক?

ক তটিনী খ রত্নাকর
গ অদ্রি ঘ পাবক

২৭. 'মৃদু' শব্দটির বিপরীত শব্দ কোনটি?

ক হালকা খ প্রবল
গ লঘু ঘ গুরু

২৮. 'বাঁশি বাজে ঐ মধুর লগনে'– এটা কোন বাচ্যের উদাহরণ?

ক কর্মকর্তৃবাচ্য খ কর্মবাচ্য
গ কর্তৃবাচ্য ঘ ভাববাচ্য

২৯. পরোক্ষ উক্তিতে কোন ক্ষেত্রে ক্রিয়ার কাল অপরিবর্তিত থাকে?

ক প্রশ্ন জিজ্ঞাসায়
খ চিরন্তন সত্যের বর্ণনায়
গ অনুজ্ঞাসূচকভাবে
ঘ আবেগ প্রকাশে

৩০. বাক্যে কোন যতিচিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?

ক কমা
খ হাইফেন/ইলেক
গ উদ্ধরণ চিহ্ন
ঘ কোলন

উত্তর																														
	১	গ	২	ক	৩	গ	৪	ক	৫	ক	৬	খ	৭	গ	৮	খ	৯	গ	১০	গ	১১	গ	১২	ঘ	১৩	খ	১৪	খ	১৫	খ
	১৬	গ	১৭	ঘ	১৮	খ	১৯	ক	২০	গ	২১	ক	২২	ক	২৩	ঘ	২৪	খ	২৫	খ	২৬	খ	২৭	খ	২৮	ক	২৯	খ	৩০	খ

Teachingbd24.com